গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(রাজস্ব শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৯.০৫.০০১.২৩.৭৪০

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ মে ২০২৩ খ্রিস্টাব্দ ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখা'র ২১ মার্চ ২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৫৮.১২.৯৮ নম্বর স্মারক মূলে প্রাপ্ত ছাড়পত্র এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ২৬/০৪/২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৬.০০০০.০১০.১১.০০৪.১৯.৭ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এবং এর অধীনস্থ উপজেলা ভূমি অফিসসমূহের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের নিমিত্ত জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তে মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে http://dcmbr.teletalk.com.bd আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | নাজির কাম ক্যাশিয়ার<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৩<br>(তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৭<br>(সাত)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৩ | সার্টিফিকেট পেশকার<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৩<br>(তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৪ | সার্টিফিকেট সহকারী<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৫ | ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৪<br>(চার)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৬ | মিউটেশন কাম সার্টিফিকেট সহকারী<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৩<br>(তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |
| ০৭ | কার্য সহকারী<br>গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হতে অন্যূন ৬ (ছয়) মাসের সিভিল ড্রাফটিং সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতির ক্ষেত্রে ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ২০ শব্দের থাকতে হবে। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনকারীর বয়স ০১/০৬/২০২৩ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর পত্রের পরিপ্রেক্ষিতে ২৫ মার্চ ২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে।

৪. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৫. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন করা হবে।

৬. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৮. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৯. আবেদন আগামী ০১ জুন ২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল মর্মে গণ্য হবে।

১০. উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক যাচাই-বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষা এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন;

১১. মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজেরপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূলসনদ/সাময়িক সনদপত্র/প্রত্যয়ন/অনাপত্তিপত্র।

খ) মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি।

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

জ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

১২. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি বর্ণিত ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(I) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/০৬/২০২৩ খ্রি. সকাল-১০.০০ টা।

(II) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০/০৬/২০২৩ খ্রি.·বিকাল ৪.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel; ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel; স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি(সম্পুর্ণ কালো/সম্পুর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তাবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **আবেদন ফি** বাবদ **২০০/-(দুইশত)টাকা ও এর সার্ভিস চার্জ** ২৩/- (তেইশ) **টাকাসহ (অফেরতযোগ্য) মোট** ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS :** **DCMBR**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **DCMBR ABCDEF**
Reply: Applicant's Name, 223/- Tk will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCMBR<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS :** **DCMBR**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **DCMBR YES 12345678**
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCMBR Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcmbr.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন ;

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(I) User ID** জানা থাকলে **DCMBR**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222
Example: **DCMBR Help USER ABCDEF** & Send to 16222

**(II) PIN Number** জানা থাকলে: **DCMBR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: DCMBR Help PIN 12345678 & send to 16222.

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর alljobs.query@teletalk.com.bd অথবা dcmoulvibazar@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alijobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (মেইল/মেসেজ এর subject-এ Organization Name:DCMBkR, Post Name:*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৩. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪. পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য সময়ে সময়ে জেলা প্রশাসকের ওয়েব পোর্টাল (www.moulvibazar.gov.bd) এ প্রচার করা হবে।

১৫. আবেদনকারীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর www.moulvibazar.gov.bd ওয়েবসাইটে এবং http://dcmbr.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/dcmbr ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১৭. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৮. কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১৯. বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

২০. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
☎ ০২৯৯৬৬৮৩২০২
✉ dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৯.০৫.০০১.২৩.৭৪০/১(১০০)

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ / ২৯ মে ২০২৩ খ্রিস্টাব্দ ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, সিলেট বিভাগ, সিলেট।
৬. জেলা প্রশাসক ........................................................ (সকল)।
৭. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।
৯. উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
১০. সিভিল সার্জন, মৌলভীবাজার।
১১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
১২. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মৌলভীবাজার। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর/ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা মৎস্য অফিসার/জেলা প্রাণী সম্পদ অফিসার, মৌলভীবাজার। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৫. মেয়র, মৌলভীবাজার পৌরসভা/কুলাউড়া পৌরসভা/কমলগঞ্জ পৌরসভা/বড়লেখা পৌরসভা/শ্রীমঙ্গল পৌরসভা, মৌলভীবাজার।

১৬. উপজেলা নির্বাহী অফিসার........................................ (সকল), মৌলভীবাজার। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৭. সহকারী কমিশনার (ভূমি), ........................................ (সকল), মৌলভীবাজার। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৮. সহকারী কমিশনার (আইসিটি), মৌলভীবাজার। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর ওয়েবসাইটে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৯. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।

২০. সম্পাদক, দৈনিক ..................................................................। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত আগামী ০৩(তিন) দিনের মধ্যে তার পত্রিকার ভিতরের পাতায় (৯.৫×৪.৫ ইঞ্চি) একদিন প্রকাশ করার জন্য এবং প্রচারিত সংখ্যার ০৫(পাঁচ) কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২১. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার।

২২. অফিস কপি।

২৭.৫.২৩

জেলা প্রশাসক
মৌলভীবাজার।